

ম্যানচেস্টারে অভিভাবক এবং কেয়ারারদের জন্য- প্রায়ই জিজ্ঞাসা করা হয়, এমন কিছু প্রশ্নের উত্তর

অভিভাবক এবং কেয়ারারদের সেপ্টেম্বরে বাচ্চাদের স্কুলে ফিরে যাওয়ার ব্যাপারে যতটা সম্ভব তথ্য দেওয়ার জন্য নিম্নলিখিত পরামর্শ তৈরী করা হয়েছে। স্কুলে কি ধরণের পরিবর্তন বা পদক্ষেপ নেওয়া হয়েছে সেই ব্যাপারে অভিভাবক/ কেয়ারারদের জন্য আরও তথ্য রয়েছে

<https://www.gov.uk/government/publications/what-parents-and-carers-need-to-know-about-early-years-providers-schools-and-colleges-during-the-coronavirus-covid-19-outbreak> এই ঠিকানায়।

সেপ্টেম্বরে স্কুলে যাওয়া কি আমার বাচ্চার জন্য বাধ্যতামূলক?

হ্যাঁ। সেপ্টেম্বরে আগামী শিক্ষাবর্ষের শুরু থেকে বাচ্চাদের স্কুলে যাওয়া বাধ্যতামূলক।

এটা কতটা নিরাপদ হবে?

সংক্রমণের ঝুঁকি কমানোর জন্য আমাদের স্কুলগুলো ভালোভাবে পরিচালিত একটা পরিবেশ দিতে পারবে। পাবলিক হেলথ ইংল্যান্ড এই ব্যাপারে পরিষ্কার, সব জায়গায় এই নিয়মগুলো মানা হলে সংক্রমণের ঝুঁকি কমে যাবে। এই পদক্ষেপগুলো হল:

- বাচ্চাদের নামিয়ে দিতে আসা এবং বাচ্চাদের নিতে আসার ব্যবস্থার পরিবর্তন, আরও ভালো করে দিক নির্দেশনা দিয়ে সাইন লাগানো এবং সব কিছুকে ওয়ান ওয়ে সিস্টেমের মধ্যে নিয়ে আসা।
- এটা নিশ্চিত করতে হবে যে যাদের করোনাভাইরাস এর লক্ষণ আছে বা যাদের বাড়ীতে কেউ আছেন যার করোনাভাইরাস আছে তারা যেন কেউ না আসেন।
- স্বাভাবিকের তুলনায় আরও বেশী বার হাত ধূতে হবে।
- হাঁচি/কাশি দেওয়ার সময় ভালোভাবে স্বাস্থ্যবিধি মেনে নিয়ে টিস্যু ব্যবহার করতে হবে এবং বিনের মধ্যে ফেলতে হবে।
- যেসব জায়গায় চলাচল বেশী বা হাত দেওয়া হয় বেশী সেইসব জায়গা ঘন ঘন পরিষ্কার করা।
- ক্লাশরক্রমের নক্সা এবং রুটিন পরিবর্তন করা যেন যোগাযোগ কম হয়।
- নিয়মিতভাবে ভালোভাবে পরিষ্কার করা।
- সংক্রমণ নিয়ন্ত্রণ করার জন্য ‘বাবল’ ডিজাইন ব্যবহার করা।

আমার বাচ্চা কিভাবে স্কুলে যাবে

সামাজিক দূরত্ব বজায় রাখার কারণে পাবলিক ট্রান্সপোর্ট (যেমন বাস বা ট্রাম ইত্যাদি) এবং স্কুল বাসের সার্ভিসের সংখ্যা কম হতে পারে। আমরা অন্য বিকল্প পদ্ধতি (হাঁটা, সাইকেল, গাড়ি) ব্যবহার করে স্কুলে আসতে উৎসাহ দিতে চাই, যেখানে সম্ভব এটা নিশ্চিত করার জন্য, যেন পাবলিক ট্রান্সপোর্টে সেইসব বাচ্চাদের জন্য জায়গা থাকে যাদের যাতায়াতের আর কোনো স্বীকৃত ব্যবস্থা নেই।

‘বাবল’ এর ব্যবস্থাটা কেমন হবে?

এটা নির্ভর করবে আপনার বাচ্চা কোনুন স্কুলে যায় তার উপর। মূল বিষয় হল যেন যথাসন্ত্ব কম বাচ্চাদের সাথে যোগাযোগ হয়। এটা করা হবে বাচ্চাদের জন্য একটা বাবল নির্ধারণের মাধ্যমে। কিছু কিছু বাবল হবে হবে একটি একেবারে ছেট, যেমন ৩০ জনের, আরও বড় প্রাইমারী স্কুল অথবা সেকেন্ডারী স্কুলে বাবল হতে পারে একটি সম্পূর্ণ ইয়ার প্রক্রিয়া।

যথাসন্ত্ব কম বাচ্চাদের সাথে যেন যোগাযোগ হয় তাই এই ব্যবস্থা:

- একেকটি বাবলের ক্লাশ শুরুর এবং শেষের সময়সূচী ভিন্ন হবে।
- একেকটি বাবলের ব্রেক টাইম এবং লাফ্টটাইম স্কুলের একেক জায়াগায় হবে।
- স্কুলের সময়সূচীর পরিবর্তন হতে পারে।

বাচ্চারা স্কুলে আসার পর সারাদিনে কত ঘন ঘন হাত ধূতে হবে?

বাচ্চারা স্কুলে ঢোকার সাথে সাথে তাদের হাত ধূতে হবে এবং নির্ধারিত সময়ের ব্যবধানে হাত ধূতে হবে এবং বাসায় যাওয়ার আগে হাত ধূতে হবে।

স্কুলের বাথরুম ব্যবহার করা কতখানি নিরাপদ:

বাথরুমের পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য স্কুল অতিরিক্ত পদক্ষেপ নেবে। যার অন্তর্ভুক্ত হল:

- সারাদিন বিভিন্ন সময়ে পরিষ্কার করা।
- প্রত্যেকদিন বিকেলে ভালোভাবে পরিষ্কার করা। এবং স্কুলের শুরুর আগে সমস্ত বিশেষ জায়গা পরিষ্কার করা যেমন দরজার হাতল, লাইটের স্লাইচ ইত্যাদি।

স্কুল কি ব্যক্তিগত স্বরক্ষার সামগ্রী (পিপিই) ব্যবহার করবে?

মুখ ঢাকা বা মুখে মাস্ক পরার কথা স্কুলের জন্য স্বপ্নপরিশ করা হয়নি। যদি কোনো বাচ্চা স্কুলে এসে করোনাভাইরাসের লক্ষণ নিয়ে অস্বস্থ হয়ে পড়ে এবং যতক্ষণ না সে বাসায় যাচ্ছে ততক্ষণ তার দেখাশুনার জন্য শুধুমাত্র তখনই পিপিই ব্যবহার করা হবে। এছাড়াও, যেসব বাচ্চাদের এবং ছাত্রছাত্রীদের নিয়মিত দেখাশুনা করতে আগেও পিপিই ব্যবহার করা হত তাদের ব্যক্তিগত সেবার জন্য, সেটা আগের মতই চলতে থাকবে।

স্কুলে কারুর কোভিড এর লক্ষণ দেখা গেলে কি হবে?

- স্কুল চলাকালীন সময়ে যদি কোনো বাচ্চার কোভিড এর লক্ষণ দেখা যায় তাদেরকে আলাদা করে নির্দিষ্ট একটি রুমে নিয়ে যাওয়া হবে।
- সাহায্য দিতে হলে স্টাফ তখন পিপিই ব্যবহার করবেন।
- অভিভাবক/ নেক্স্ট অফ কিন (অভিভাবকের অনুপস্থিতিতে ঘনিষ্ঠ ব্যক্তি) এর সাথে যোগাযোগ করা হবে বাচ্চাকে নিয়ে যাওয়ার জন্য এবং আশা করা হবে তিনি যত তাড়াতাড়ি সন্ত্ব বাচ্চাকে নিয়ে যাবেন এবং তাকে পরামর্শ দেওয়া হবে ‘[**stay at home: guidance for households with possible or confirmed coronavirus infection**](#)’ (বাড়ীতে থাকুন। যেসব বাড়ীতে সন্ত্ব অথবা নিশ্চিত করোনাভাইরাস সংক্রম হয়েছে তাদের জন্য নির্দেশনা) এই নির্দেশনা মেনে চলার জন্য। তাদের অন্তত ৭ দিন একলা হয়ে সেল্ফ আইসোলেট করে থাকতে হবে এবং করোনাভাইরাস আছে কিনা জানার জন্য [**পরীক্ষা করার ব্যবস্থা করতে হবে**](#)। পরিবারের অন্যান্য সদস্যদের (যার অন্তর্ভুক্ত অন্যান্য ভাই, বোন) প্রথম ব্যক্তির লক্ষণ যেআগেও দেখে দেখা যায় সেদিন থেকে ১৪ দিন সেল্ফ আইসোলেট করে থাকতে হবে।